রাষ্ট্রপতির পদত্যাগের দাবিতে ঝিনাইদহে বিক্ষোভ

রাষ্ট্রপতি শাহাবুদ্দিন চুপ্পুর পদত্যাগের দাবিতে ঝিনাইদহে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন।

আজ মঙ্গলবার(২২ অক্টোবর) বিকেলে ঝিনাইদহ শহরের কেন্দ্রীয় শহীদ মিনার চত্ত্বর থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে পায়রা চত্ত্বরে এসে শেষ হয়।

মিছিলকারীরা সেসময় রাষ্ট্রপতির বিরুদ্ধে বিভিন্ন স্লোগান দেয়।

মিছিল শেষে এক সমাবেশে বক্তব্য রাখেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক আবু হুরাইরা, আবু রায়হান রিহান, সাইদুর রহমান, রতনা খাতুন ও শামিম আহম্মেদ।

এ সময় বক্তরা বলেন, ‘ স্বৈরাচারের দোসর রাষ্ট্রপতি শাহাবুদ্দিন চুপ্পুকে অনতবিলম্বে পদত্যাগ করতে হবে। সেই সঙ্গে সন্ত্রাসী সংগঠন ছাত্রলীগকে নিষিদ্ধের দাবি জানান তাঁরা।’

ইউপি চেয়ারম্যান সেলিম রেজার পদত্যাগের দাবিতে অবস্থান কর্মসূচি

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান মোঃ সেলিম রেজা পদত্যাগের দাবিতে মেহেরপুর জেলা বিএনপির একাংশ অবস্থান কর্মসূচি করে।

আজ রবিবার (২৫ আগস্ট) বেলা সাড়ে ১২ টার সময় কুতুবপুর ইউনিয়ন পরিষদের সামনে অবৈধ ইউনিয়ন চেয়ারম্যান সেলিম রেজার পদত্যাগের

দাবীতে এ অবস্থান কর্মসূচির পালন করা হয়।

অবস্থা কর্মসূচিতে বক্তব্য রাখেন জেলা বিএনপি’র সহ-সভাপতি আলমগীর খান ছাতু ও যুগ্ম সম্পাদক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ।

অবস্থান কর্মসূচিতে বক্তারা বলেন, অবৈধ ভোটে নির্বাচিত হওয়া চেয়ারম্যান সেলিম রেজা সাধারণ মানুষদের হয়রানি করেছে। আমরা জেলা প্রশাসককের দৃষ্টি আকর্ষণ করছি এই ইউনিয়ন পরিষদকে দ্রুত প্রশাসনের আওতায় আনার জন্য।

এছাড়াও এসময় জেলা যুবদলের যুগ্ম সম্পাদক জাহাঙ্গীর আলম দুলাল, বিএনপি নেতা ফরিদুল হক, রেজাউল, খাইরুল, জেলা যুবদলের সহসভাপতি আনিসুর রহমান লাবলু, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহসভাপতি নাহিদ মাহবুব সানিসহ বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ইউপি চেয়ারম্যান শাহ জামালের পদত্যাগের দাবিতে অবস্থান কর্মসূচি

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহ জামালের পদত্যাগের দাবিতে ইউনিয়নবাসীর অবস্থান কর্মসূচি করে ।

আজ রবিবার (১৮ আগস্ট) সকাল ১০ টার সময় বুড়িপোতা ইউনিয়ন পরিষদের সামনে অবৈধ ইউনিয়ন চেয়ারম্যান শাহ জামালের পদত্যাগের দাবীতে বুড়িপোতা ইউনিয়ন বাসী এ অবস্থান কর্মসূচির পালন করে।

এ সময় অবস্থান কর্মসূচিতে এস এম সাইদুল রাজ্জাক টোটনের সভাপতিত্বে বক্তব্য রাখেন বুড়িপোতা ইউনিয়ন বিএনপি সিনিয়র সহ সভাপতি নাসির উদ্দিন, সহ-সভাপতি আব্দুল সামাদ, বুড়িপোতা ইউনিয়ন বিএনপি ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক বকুল মাস্টার, মেহেরপুর সদর স্বেচ্ছাসেবক দলের সভাপতি শহিদুল ইসলাম, বুড়িপোতা ইউনিয়ন যুবদলের সভাপতি মাজহারুল ইসলাম, বুড়িপোতা ইউনিয়ন যুবদলের

সাধারণ সম্পাদক সাঈদ হোসেন, যুবদলের সদস্য সচিব জিয়ারুল রহমান, যুবদলের সহ-সভাপতি মাসুদ রানা, যুবদলের প্রচার সম্পাদক রাশেদুল শরিফুল ইসলাম, মিজানুর রহমান, নীহার নবি প্রমুখ।

অবস্থান কর্মসূচিতে সঞ্চালনা করেন শরিফুল ইসলাম।